

ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড ও জন্মগত হৃদরোগে  
আক্রান্ত রোগীর আর্থিক সহায়তা প্রাপ্তির জন্য

আবেদনের নিদেশিকা

১. আক্রান্ত রোগীকে (ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড ও জন্মগত হৃদরোগ) উপপরিচালক, সংশ্লিষ্ট জেলা সমাজসেবা কার্যালয়ে মোট ০২ (দুই) সেট আবেদনপত্র জমা করতে হবে
২. আবেদনপত্রের সাথে অবশ্যই **রেজিস্টার্ড চিকিৎসক** কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের মূলকপি সংযুক্ত করতে হবে;
৩. ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড ও জন্মগত হৃদরোগে আক্রান্ত রোগীকে অবশ্যই সংশ্লিষ্ট রোগের বিষয়ে বিশেষজ্ঞ ডাক্তারের ব্যবস্থাপত্র ও টেস্ট রিপোর্ট জমা দিতে হবে; যেমন-
  - ক. ক্যান্সার রোগের ক্ষেত্রে Histopathology /Cytopahtology/Bone Marrow Report বা অন্যান্য টেস্ট রিপোর্ট থাকতে হবে।
  - খ. কিডনী রোগের ক্ষেত্রে Acute Renal Failure অথবা Chronic Renal Failure এ আক্রান্ত ডায়ালাইসিস সেবা নিচ্ছে, কিডনী প্রতিস্থাপনের প্রস্তুতি নিচ্ছে অথবা কিডনী প্রতিস্থাপন করেছে এমন রোগীদেরকে বিবেচনা করতে হবে। রক্তে ইউরিয়া ও ক্রিয়েটিনের মাত্রার রিপোর্ট থাকতে হবে।
  - গ. লিভার সিরোসিস রোগের ক্ষেত্রে লিভারের আল্ট্রাসোনোগ্রাম রিপোর্ট থাকবে হবে।
  - ঘ. স্ট্রোকে প্যারালাইজড আক্রান্ত রোগীকে নিউরোলজিস্ট কর্তৃক প্রত্যয়িত হতে হবে এবং MRI/CT Scan Report থাকলে ভাল হয়।
  - ঙ. জন্মগত হৃদরোগের ক্ষেত্রে Echo Cardiogram রিপোর্ট থাকতে হবে।
৪. জাতীয় পরিচয় পত্র/জন্ম সনদ (১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত) থাকতে হবে;
৫. ০২ (দুই) কপি ছবি (১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত) যা দরখাস্তে গাম দিয়ে পেস্ট করা ছবির অতিরিক্ত।
৬. এ উদ্দেশ্যে সরকার কর্তৃক অন্য কোনো আর্থিক সুবিধা গ্রহণ করছে না মর্মে প্রার্থীকে প্রত্যয়ন দিতে হবে;
৭. রোগীর বয়স আবেদনের তারিখে ১৮ বছরের কম হলে পিতা/মাতা/বৈধ অভিভাবক আবেদন করতে পারবেন, সেক্ষেত্রে আবেদনকারীর ০২ (দুই) কপি ছবি (১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত) সংযুক্ত করতে হবে।
৮. সমাজসেবা অধিদফতরের ওয়েব সাইট ([www.dss.gov.bd](http://www.dss.gov.bd)) থেকে আবেদন পত্র ডাউনলোড করে আবেদন করা যাবে।

বি. দ্র. এই পৃষ্ঠাটি আবেদনপত্রের সাথে সংযুক্ত করার প্রয়োজন নেই।

মোঃ ইব্রাহিম ইমাম  
সহকারী সচিব  
সমাজসেবা মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(মোঃ সাজিদ ইমাম)  
কর্মসূচী পরিচালক  
ক্যান্সার, কিডনী ও লিভার সিরোসিস  
রোগীর আর্থিক সহায়তা কর্মসূচী  
সমাজসেবা অধিদফতর, ঢাকা।

প্যাজী মোহাম্মদ মুকুল করিম  
(অতিরিক্ত সচিব)  
মহাপরিচালক  
সমাজসেবা অধিদফতর  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার